

### **3 (Sem-2) BEN M 1**

**2 0 1 9**

**BENGALI**

**( Major )**

**Paper : 2.1**

**( Smritikatha )**

**Full Marks : 80**

**Time : 3 hours**

*The figures in the margin indicate full marks  
for the questions*

**১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :**

**$1 \times 10 = 10$**

- (ক) কত টাকা পুঁজি নিয়ে বারীন্দ্র ‘যুগান্তর’ পত্রিকা শুরু করেছিল ?
- (খ) “যুগান্তরের ম্যানেজার হইতে আরম্ভ করিয়া, ঘর-সংসারের অনেক কাজের ভারই তাহার উপর !” কার সম্মতে এ কথা বলা হয়েছে ?
- (গ) মানিকতলা বাগান থেকে ধৃত বিপ্লবীদের আলিপুর ম্যাজিস্ট্রেট কোটে হাজির করার পূর্বে কোন কোটে পেশ করা হয়েছিল ?

- (ঘ) “ওগো, সরকারের শ্যাম তুমি, আমাদের শূল। তোমার ভিট্টে কবে চরবে ঘৃষ্ণ, তুমি দেখবে চেথে সরষে ফুল।” কাকে উদ্দেশ্য করে আলিপুর বোমা ষড়যন্ত্র মামলার অভিযুক্তরা এই গানটি রচনা করেছিলেন ?
- (ঙ) “Passive Resistance এ তিনি মহাজ্ঞা গান্ধিরও শুরু।” কার কথা বলা হয়েছে ?
- (চ) ‘Indian Radical League’ কে প্রতিষ্ঠা করেছিলেন ?
- (ছ) ‘বেণীসংহর’ নাটকে শিবনাথ শাস্ত্রী কোন চরিত্রে অভিনয় করেছিলেন ?
- (জ) শিবনাথ শাস্ত্রীদের গ্রাম থেকে কোন পত্রিকা প্রকাশিত হত ?
- (ঘ) বাঙালিদের উগ সাহেবিয়ানাকে বাস্ত করে শিবনাথ শাস্ত্রী ‘এডুকেশন গেজেট’ পত্রিকায় কোন ছদ্মনামে কবিতা লিখতেন ?
- (ঝ) বিদ্যাসাগরের পর সংস্কৃত কলেজের অধ্যক্ষ কে হন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

$$2 \times 5 = 10$$

- (ক) আলিপুর বোমা ষড়যন্ত্র মামলার রাজসাক্ষী নরেন গোসাইকে কোন কোন বিপ্লবী হত্যা করেছিলেন ?
- (খ) উপেন্দ্রনাথ কোন মঠে, কার কাছ থেকে সর্ব্বাস-দীক্ষা প্রহণ করেছিলেন ?

- (গ) বাংলার বিপ্লববাদী যে কোনো দুটি পত্র-পত্রিকার নাম লেখো ।
- (ঘ) “আমরা তিনটি প্রাণী এমনি রিফর্মার ইহিয়া উঠিয়াছিলাম, যে আমরা তিনজনে পরামর্শ করিয়াছিলাম যে আমার দ্বিতীয় পত্নী বিরাজমোহিনীকে আনিয়া পুনরায় তাহার বিবাহ দিব।” এই ‘তিনটি প্রাণী’র একজন শিবনাথ শাস্ত্রী, বাকি দুজনের নাম লেখো ।
- (ঙ) শিবনাথ শাস্ত্রীর প্রথমা কন্যার নাম কী ? তিনি কত প্রিস্টার্ডে জন্মগ্রহণ করেন ?

৩। নির্দেশ অনুযায়ী যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 4 = 20$ 

- (ক) আন্দামান জেলে কাজের ডয়ে পাগল সাজা বাঙালি লোকটির বৃত্তান্তটি সংক্ষেপে আলোচনা করো ।
- (খ) উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের গ্রেপ্তার দৃশ্যটি বর্ণনা করো ।
- (গ) দীপান্তর থেকে উপেন্দ্রনাথদের প্রত্যাবর্তনের একটি বিবরণ প্রস্তুত করো ।
- (ঘ) “আমি উত্ত্বো সাহেব ও চাটি-জুতা হেড়িং দিয়া ইহার একটি বিবরণ লিখিয়াছিলাম।” উত্ত্বো সাহেব ও চাটি-জুতা’ প্রসঙ্গটি বর্ণনা করো ।
- (ঙ) “ইহাদের ভবনে আসিয়া আমি অনেক প্রকারে উপকৃত হইলাম।” শিবনাথ শাস্ত্রী ভবানীপুরের মহেশচন্দ্র চৌধুরীর বাড়িতে বসবাসের কি কি সুফলের কথা ব্যক্ত করেছেন ?
- (চ) “আমাদের প্রামে নৃতন সভ্যতার আলোক আমার বাল্য-দশাতেই প্রবেশ করিয়াছিল।” এই ‘নৃতন সভ্যতার আলোক’-এর স্মরণপটি বিশ্লেষণ করো ।

( 4 )

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ থেকে দুটি করে নিয়ে মোট চারটি  
প্রশ্নের উত্তর দাও :  $10 \times 8 = 80$

ক—গুচ্ছ

- (ক) “এই সকল হইতেই মানিকতলা বাগানের সৃষ্টি।”  
মানিকতলা বাগানের সৃষ্টির প্রেক্ষাপটটি বিশ্লেষণ করো।
- (খ) কারা সাহিত্যের সংজ্ঞা ও বৈশিষ্ট্য নির্দেশ করে উপেন্দ্রনাথ  
বদ্দোপাধ্যায়ের ‘নির্বাসিতের আত্মকথা’ গ্রন্থটিকে সার্থক  
'কারা সাহিত্য' হিসেবে অভিহিত করা যায় কি না তা  
আলোচনা করো।
- (গ) ‘নির্বাসিতের আত্মকথা’য় শ্রীঅরবিন্দ ঘোষ  
যে জীবনবৃত্তান্ত ব্যক্ত হয়েছে তা আলোচনা করো।
- (ঘ) ‘নির্বাসিতের আত্মকথা’ অনুসারে আলিপুর জেলের বন্দী-  
জীবনের বর্ণনা দাও।

খ—গুচ্ছ

- (ক) শিবনাথ শাস্ত্রীর বঙ্গপ্রতীতির পরিচয় দাও।
- (খ) শিবনাথ শাস্ত্রীর ‘আত্মচরিত’ গ্রন্থে প্রতিফলিত তৎকালীন  
সমাজচিত্রের তথ্যনিষ্ঠ আলোচনা করো।
- (গ) এল. এ পরীক্ষার পূর্বে শিবনাথ শাস্ত্রীর অধ্যবসায় সম্পর্কে  
আলোচনা করো। কঠিন পরিশ্রমের ফলাফল কি  
হয়েছিল?
- (ঘ) ‘আত্মচরিত’ গ্রন্থে বিদ্যাসাগরের উজ্জ্বল উপস্থিতি লক্ষ  
করা যায়। গ্রন্থটিতে উল্লিখিত বিদ্যাসাগর প্রসঙ্গের এক  
বিশ্লেষণ প্রস্তুত করো।

★ ★ \*